

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
সেগুনবাগিচা, ঢাকা
www.imli.gov.bd

২৩ মাঘ ১৪২৩

স্মারক নং- আমাই/শিশুদের চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক/০২/২০১৫/৮৩

তারিখ :

০৫ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়: 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭' উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণ।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উদ্যোগে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশনের সহযোগিতায় আগামী ২৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রাঙ্গণে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতাটি বিভিন্ন শ্রেণিভিত্তিক চারটি ক্যাটাগরি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

গ্রুপ	শ্রেণি	বিষয়
গ্রুপ-এ	প্রাক-প্রাথমিক থেকে দ্বিতীয় শ্রেণি	যে কোনো বিষয় (উন্মুক্ত)
গ্রুপ-বি	তৃতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি	প্রকৃতি (Nature)
গ্রুপ-সি	ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি	মুক্তিযুদ্ধভিত্তিক ছবি/ Cultural Heritage (বিদেশি প্রতিযোগীদের জন্য)
গ্রুপ-ডি	নবম ও দশম শ্রেণি	ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/ International Mother Language Day (বিদেশি প্রতিযোগীদের জন্য)

সময়সূচি:

০৯:৩০ থেকে ১১:০০ মি. : চিত্রাঙ্কন প্রতিযোগিতা

১১:০০ থেকে ১১:৪৫ মি. : মূল্যায়ন

১১:১৫ থেকে ১২:৪৫ মি. : সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ

উক্ত প্রতিযোগিতায় সেরা প্রতিযোগী নির্বাচনের জন্য চারুকলা অনুষদ-ঢাকা বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রতিনিধিগণ বিচারক হিসেবে উপস্থিত থাকবেন। উল্লেখ্য, বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্কুলগামী সন্তানরাও এ প্রতিযোগিতায় পৃথকভাবে অংশগ্রহণ করবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শিশুদের অংশগ্রহণের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পক্ষ থেকে কাগজ সরবরাহ করা হবে। তবে প্রয়োজনীয় অন্যান্য অঙ্কন সরঞ্জাম সংশ্লিষ্টদের সঙ্গে আনতে হবে।

প্রতিযোগীদের এতদসঙ্গে সংযুক্ত ফরম পূরণ করে আগামী ১৫/০২/২০১৭ তারিখের মধ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অফিসে জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন ব্যতীত প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে না।

Munshar
05/02/2017
(নাজমুন নাহার)

উপপরিচালক, প্রচার ও জাদুঘর
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ও
সদস্যসচিব

শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং লোকজ
সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত উপকর্মটি
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদ্‌যাপন
ফোন: ০২-৮৩৯১২৪০

পাসপোর্ট
সাইজের ছবি
১ কপি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা-২০১৭
Art Competition Commemorating International Mother Language Day-2017

১। অংশগ্রহণকারীর নাম : বাংলা ও ইংরেজিতে (স্পষ্টাক্ষরে)

২। স্কুলের নাম :

৩। জন্ম তারিখ :

৪। গ্রুপ (√) টিক চিহ্ন দিন :

ক) প্রাক-প্রাথমিক থেকে ২য় শ্রেণী

খ) ৩য় শ্রেণী থেকে ৫ম শ্রেণী

গ) ৬ষ্ঠ থেকে ৮ম

ঘ) ৯ম থেকে ১০ম

৫। প্রতিযোগিতার বিষয় (√) টিক চিহ্ন দিন :

ক) যে কোনো বিষয়-উন্মুক্ত

খ) প্রকৃতি (Nature)

গ) মুক্তিযুদ্ধভিত্তিক ছবি/ Cultural Heritage
(বিদেশি প্রতিযোগীদের জন্য)

ঘ) ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/
International Mother Language Day (বিদেশি প্রতিযোগীদের জন্য)

অধ্যক্ষ/প্রধান শিক্ষকের স্বাক্ষর